

## সম্পাদকীয়:

করোনার প্রাদুর্ভাবের দরিদ্র জনগোষ্ঠীর দুর্ভোগ যেমন বেড়েছে, তেমনই বেড়েছে নারী নির্যাতনের ঘটনাও। সুজন-এর বন্ধুরা করোনা মোকাবেলায় বিভিন্নমুখী কর্মকাণ্ডের পাশাপাশি সেসব ক্ষেত্রেও নজর রাখছেন, প্রতিবাদী হচ্ছেন। আমরা ধারাবাহিকভাবে সকল কর্মকাণ্ডের চিত্র তুলে ধরছি এই ই-নিউজ লেটারে।

## সুজন-সভাপতি ডালিয়ার উদ্যোগে সামিল স্বজনরা



রাজিয়া সামাদ ডালিয়া সুজন-শেরপুর জেলা কমিটির সভাপতি। ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনেরও শেরপুর জেলা শাখার সভাপতি তিনি। এছাড়াও তিনি শেরপুরের প্রতিটি সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাথে ওতপ্রোতভাবে সম্পৃক্ত।

করোনাভাইরাসের প্রকোপে খেটে খাওয়া দরিদ্র মানুষদের জীবন যখন দুঃসহ, তখন তাদের দিকে সহযোগিতার হাত প্রসারিত করেছেন রাজিয়া সামাদ ডালিয়া। কখনো সুজন-এর উদ্যোগে, কখনো ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের উদ্যোগে, কখনো সংগঠন দুটির যৌথ উদ্যোগে কর্মহীন দরিদ্র মানুষকে সহায়তায় তৎপর তিনি। তবে সব কিছুকে ছাপিয়ে গিয়েছে তাঁদের পারিবারিক উদ্যোগ। এই করোনাকালে রাজিয়া সামাদ ডালিয়া তাঁর বোন, ভাতিজা ও ভাগ্নিসহ আত্মীয়-স্বজনের সহযোগিতায় তহবিল গঠন করে সহায়তা করেছেন দরিদ্রদের।

২ এপ্রিল থেকে ১৬ মে ২০২০ পর্যন্ত তিনি নিজ বাসস্থান থেকে খরমপুর, নাগপাড়া, দুর্গানারায়ণপুর, চাপাতলী, চাপাতলী ঋষিপল্লী, গৌরীপুর, পানাইতা, তারাকান্দা, ফটিয়ামারী, দিগারপাড়, সূর্যদী, চকপাঠক, সাতানীপাড়া, কসবা মোল্লাপাড়া ও গাংগীনাপাড়া এলাকার ৮২টি পরিবারের সর্বমোট ১৩০০ কেজি চাল, ১২১ কেজি ডাল, ২২৫ কেজি আলু, ১৫৪ লিটার সয়াবিন তেল, ৬১ কেজি পেঁয়াজ, ১১ কেজি লবন, ১৪ কেজি ছোলা এবং ৩০২ পিস ডিম বিতরণ করেন। সকলকে সমপরিমাণ ও সব ধরনের আইটেম না দিয়ে পরিবারের চাহিদা বিবেচনায় পরিমাণ ও আইটেম নির্ধারণ করা হয়।

৩ এপ্রিল-এ চরমধুয়া, চন্দ্রকোনা ও নকলায় ১০০টি পরিবারের মধ্যে পরিবারপ্রতি ২৫ কেজি চাল, ৫ কেজি আলু, ২ কেজি ডাল, ২ কেজি পেঁয়াজ ও ২ লিটার সয়াবিন তেল এবং একই দিনে সদর উপজেলার ফটিয়ামারী ইউনিয়নের রৌহায় ৫০টি পরিবারের মধ্যে পরিবারপ্রতি ১২ কেজি চাল, ৩ কেজি আলু, ২ কেজি ডাল, ২ কেজি পেঁয়াজ ও ২ লিটার সয়াবিন তেল বিতরণ করা হয়। উল্লেখ্য, খাদ্যসামগ্রী বিতরণকালে শৃঙ্খলা রক্ষার জন্য সেনাবাহিনীর সহযোগিতা গ্রহণ করা হয়। জনাব রাজিয়া সামাদ ডালিয়া জানান, বিপন্ন মানুষদের সহায়তা প্রদানের এই কার্যক্রম চলমান থাকবে।

## শ্রীনগরে ধর্ষিতার পরিবারের পাশে সুজন নেতৃত্ব

করোনাকালে নারী নির্যাতনের ঘটনায় প্রতিবাদী হয়েছেন শ্রীনগরের সুজন নেতৃত্ব। একদিকে তাঁরা যেমন এ ঘটনার বিচারের দাবিতে সোচ্চার হয়েছেন, পাশাপাশি তাঁরা ধর্ষনের শিকার নারীর পক্ষে অবস্থান নিয়ে আইনি সহায়তা প্রদানেরও উদ্যোগ গ্রহণ করেছেন। গত ৫ জুন ২০২০ শ্রীনগর উপজেলার শ্যামসিদ্ধি ইউনিয়নের পশ্চিম সেলামতি গ্রামের ধর্ষিত স্কুল ছাত্রীর পরিবারের সাথে সাক্ষাত করে সর্বপ্রকার আইনগত সহযোগিতার আশ্বাস দিয়েছেন সুজন-মুন্সীগঞ্জ জেলা কমিটির উপদেষ্টা, মুন্সীগঞ্জ জেলা আইনজীবী সমিতির সভাপতি এবং নারী ও শিশু

অধিকার ফোরাম মুন্সীগঞ্জ জেলা শাখার আহবায়ক এডভোকেট মোঃ জাকারিয়া মোল্লাসহ অন্যান্য সুজন নেতৃত্ব। এ সময় তাঁরা ভিকটিম, তার বাবা এবং এলাকাবাসীর জবানবন্দী গ্রহণ করেন। প্রতিনিধি দলে ছিলেন সুজন-মুন্সীগঞ্জ জেলা কমিটির সিনিয়র যুগ্ম সম্পাদক, বাংলাদেশ এক্স-ক্যাডেটস এসোসিয়েশন মুন্সীগঞ্জ ইউনিটের সভাপতি এবং পিপিজি কো-অর্ডিনেটর মোঃ জসিম মোল্লা; সুজন মুন্সীগঞ্জ জেলার সাংগঠনিক সম্পাদক ও পিস এ্যাসোসেডর ডা. মাসুম খাঁন ডালু; সাংবাদিক এ্যাড. মেহেদি হাসান সাহাবাৎ, সুজন-মুন্সীগঞ্জ জেলা কমিটির যোগাযোগ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম বাবু, সোহেল সানী, ওমর ফারুক বাবু, আই এ নাহিদ, ফরিদ রানা, ইমনসহ সুশীল সমাজের নেতৃত্ব।



উল্লেখ্য, গত ৩১ মে ২০২০, রাতে মোঃ শান্ত নামের এক বখাটে যুবক উপরোল্লিখিত স্কুলছাত্রীকে ধর্ষণ করে, ধর্ষণের ঘটনা ভিডিওতে ধারণ করে এবং তা ফেসবুকে আপলোড করে। গত ২ জুন ২০২০-এ ধর্ষিতার পিতা বাদী হয়ে শ্রীনগর থানায় মামলা করেন। মোঃ শান্ত এখনও গ্রেফতার হয়নি।

## শোকবার্তা



রঘুনন্দন সিকদার

পংকজ পাল চৌধুরী

নাজিম উদ্দিন

আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, সুজন-রাজবাড়ি জেলার বালিয়াকান্দি উপজেলা কমিটির সভাপতি, বিশিষ্ট সাংবাদিক রঘুনন্দন সিকদার গত ২৮ মে ২০২০; সুজন-সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীর সাচনাবাজার ইউনিয়ন কমিটির সভাপতি, বিশিষ্ট ব্যবসায়ী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব পংকজ পাল চৌধুরী গত ৭ জুন ২০২০ এবং সুজন-কক্সবাজার জেলা কমিটির নির্বাহী সদস্য, বিশিষ্ট শিক্ষাবিদ ও সমাজসেবক জনাব নাজিম উদ্দিন গত ৮ জুন ২০২০-এ মৃত্যুবরণ করেছেন।

আমরা তাঁদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছি এবং শোকাভিভূত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি। একইসাথে আমরা আমাদের পরলোকগত সহযোদ্ধাদের অবদানের কথা স্মরণ করে তাঁদের প্রতি শ্রদ্ধা নিবেদন করছি এবং বিদেহী আত্মার শান্তি কামনা করছি।